12

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 11 1999

পৃষ্ঠা 8 কলাম ৮

## উপানুষ্ঠানিক গণশিক্ষা কার্যক্রম চালুর আবেদন

মৌলভীবাজার জেলার বড়লেখা থানাধীন বাছিরপুর ঘনবসতিপূর্ণ একটি গ্রাম। অধিবাসীদের অধিকাংশই গরীব কৃষক, দিনমজুর ও ক্ষুদ্র ব্যবসায়ী। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় যে, অত্র গ্রামে কোন উপানুষ্ঠনিক শিক্ষা কার্যক্রম চালু হয় নাই। বর্তমান সময়ে জাতীয় উন্নতি ও সমৃদ্ধিলাভের পথে শিক্ষার কোন বিকল্প নাই। শিক্ষা হইতেছে মানব-জীবনের মৌলিক অধিকার। ইহা মানুষের জীবনকে প্রতিষ্ঠা করিতে তথা অশিক্ষা ও অজ্ঞতার অন্ধকার হইতে রক্ষা করিতে অগ্রণী ভূমিকা পালন করে। সরকার উপানুষ্ঠানিক গণশিক্ষা কার্যক্রম চালু করিয়াছেন এবং আগামী দুই হাজার সালের মধ্যে সারা দেশে বাধ্যতামূলক উপানুষ্ঠ্যানিক শিক্ষা কার্যক্রম চালুর বৈপ্লবিক সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। এমতাবস্থায়, অত্র গ্রামখানিতে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম অনতিবিলম্বে চালু করিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোহাম্মদ ইসমাইল আলী,
গ্রাম ঃ বাছিরপুর,
১১নম্বর পশ্চিম জুরী ইউনিয়ন,
জেলা ঃ মৌলভীবাজার।